

## জিরোন্ডিষ্ট:

ফরাসি বিপ্লবের প্রথমদিকে যে সমস্ত রাজনৈতিক সংঘ গড়ে উঠতে শুরু করে সেগুলোর মধ্যে জিরোন্ডিষ্টদের কথা বিশেষভাবে উল্লেখ করা যায়। প্রতিক্রিয়াশীল, অভিজাত সম্প্রদায়ের বিভিন্ন ষড়যন্ত্রমূলক কার্যকলাপ ধ্বংস করে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক বিভিন্ন সংস্কারের মাধ্যমে বিপ্লবের আদর্শ বাস্তবে পরিণত করার দিকেই এদের প্রধান লক্ষ্য ছিল। ১৭৯১ খ্রিস্টাব্দে গঠিত ফ্রান্সের আইনসভার সদস্যদের বিভিন্ন দল ও গোষ্ঠীর মধ্যে জিরোন্ডিষ্টান ছিল সর্বাপেক্ষা সুসংগঠিত এবং সুসংবদ্ধ। এই দলের অধিকাংশ নেতাই ছিলেন জিরোন্ডে (Gironde) প্রদেশের অধিবাসী, সেজন্য তাঁদের নেতৃত্বাধীন দলটি জিরোন্ডিষ্ট নামে পরিচিত হয়। জিরোন্ডিষ্টাণের অধিকাংশই ছিল অবস্থাপন্ন বুর্জোয়া শ্রেণীর লোক। তাঁরা ছিলেন সুশিক্ষিত ও সুরুচিসম্পন্ন। জিরোন্ডিষ্ট দলে সুযোগ্য নেতার সংখ্যা ছিল প্রচুর। এদের মধ্যে অন্যতম ব্রিসো, ভার্গিনো, কন্ডরসে, দুমোরিয়ে, মাদাম রোল্লাঁ প্রমুখ।

আইনসভার গঠন থেকে প্যারিসের বিপ্লবী কমিউনের উত্থানের অন্তর্বর্তী সময়ে ফরাসি বিপ্লবের ইতিহাসে জিরোন্ডিষ্টগণ খুব গুরুত্বপূর্ণ অংশগ্রহণ করে। বিপ্লবের আদর্শ সম্প্রসারণের জন্য তারা অস্ট্রিয়া এবং অন্যান্য রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার পক্ষপাতী ছিলেন। তারা বিশ্বাস করতেন যে ইউরোপের অন্যান্য রাষ্ট্রের সঙ্গে ফ্রান্সের যুদ্ধ শুরু হলেই ফরাসি রাজের সঙ্গে বিদেশী শক্তিবর্গের গোপন সম্পর্কের কথা প্রকাশ হয়ে পড়বে এবং ষোড়শ লুই-এর পতন অনিবার্য হয়ে উঠবে।

১৭৯২ খ্রিস্টাব্দে ষোড়শ লুই একটি জিরোন্ডিষ্ট মন্ত্রিসভা গঠন করেন। এই মন্ত্রিসভা অস্ট্রিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। জিরোন্ডিষ্ট মন্ত্রিসভা রাজার ক্ষমতা খর্ব করার জন্য রাজকীয় দেশরক্ষীবাহিনী ভেঙে দেয় এবং 'কনস্টিটিউশন অফ ক্লাজি' বিরোধী যাজকদের দেশত্যাগ করার নির্দেশ দেয়। কিন্তু ষোড়শ লুই যাজক সংক্রান্ত আইনটির উপর ভেটো প্রয়োগ করেন এবং জিরোন্ডিষ্ট মন্ত্রিসভা ভেঙে দেন। ষোড়শ লুই-এর এইরূপ আচরণে জিরোন্ডিষ্টগণ তাঁর প্রতি অত্যন্ত ক্ষুব্ধ হন এবং ফ্রান্সের রাজতন্ত্রের ঘোর শত্রুতে পরিণত হন। তাঁরা রাজতন্ত্র বাতিল করার জন্য আইনসভার কাছে আবেদন জানান এবং ন্যাশনাল কনভেনশন (National Convention) আহ্বান করার প্রস্তাব করেন। ১৭৯২ খ্রিস্টাব্দের সেপ্টেম্বর মাসে ন্যাশনাল কনভেনশন আহত হয় এবং রাজতন্ত্র বাতিল করে ফ্রান্সে একটি প্রজাতন্ত্র স্থাপন করার ব্যবস্থা করা হয়।

ন্যাশনাল কনভেনশনের ৭৮২জন সদস্যের মধ্যে ১২০ জন ছিল জিরোন্ডিষ্টপন্থী। ন্যাশনাল কনভেনশনে প্রাধান্য স্থাপনের জন্য তারা জ্যাকোবিনদের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয়। ন্যাশনাল কনভেনশনের অধিকাংশ সদস্যই ছিলেন নরমপন্থী এবং জিরোন্ডিষ্টদের সমর্থক। জিরোন্ডিষ্টগণ 'সেপ্টেম্বর হত্যাকাণ্ড' (September Massacre) এবং প্যারিসের কমিউনের বাড়াবাড়ির জন্য জ্যাকোবিনদের দায়ী করেন। জ্যাকোবিন দলের নেতা রোবসপীয়েরকেও তার ক্ষমতালোভী বলে তীব্র সমালোচনা করেন।

কিন্তু এই সময় জিরোন্ডিষ্টগণ কয়েকটি মারাত্মক ভুল করে যার ফলে তাদের রাজনৈতিক প্রভাব ক্রমেই হ্রাস পেতে থাকে। কর্মতৎপরতা এবং বাগ্মিতা এই উভয় ক্ষেত্রেই তাঁরা শৈথিল্য প্রদর্শন করতে শুরু করেন। শত্রুপক্ষকে প্রয়োজনীয় ভীতি প্রদর্শন থেকেও তাঁরা বিরত থাকার নীতি গ্রহণ করেন। সেপ্টেম্বর হত্যাকাণ্ডের জন্য দায়ী ব্যক্তিদের শাস্তি প্রদান করতেও তারা শৈথিল্য প্রদর্শন করেন। ক্রমশ সুযোগ্য নেতৃত্বের অভাবে ন্যাশনাল কনভেনশনেও জিরোন্ডিষ্টদের গুরুত্ব ক্রমেই হ্রাস পেতে থাকে। সম্রাট ষোড়শ লুই-এর বিচারের সময় জিরোন্ডিষ্ট দল চরম রাজনৈতিক অদূরদর্শিতার পরিচয় দেয়। জিরোন্ডিষ্টদের এইসব ভুলভ্রান্তির সুযোগ নিয়ে জ্যাকোবিন দল ধীরে ধীরে ন্যাশনাল কনভেনশনে অপ্রতিদ্বন্দ্বী হয়ে ওঠে।

